

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩১৫

১/ বিবিধ

আরবী

من سبح الله مائة بالغداة، ومائة بالعشى، كان كمن حج مائة مرة، ومن حمد الله مائة بالغداة، ومائة بالعشى، كان كمن حمل على مائة فرس في سبيل الله، أوقال: غزا مائة غزوة، ومن هلل الله مائة بالغداة ومائة بالعشى لم يأت في ذلك اليوم أحد بأكثر مما أتى، إلا من قال مثلما قال، أوزاد على مثل ما قال

ضعف

أخرجه الترمذى (2/259) من طريق أبي سفيان الحميري - هو سعيد بن يحيى الواسطي- عن الضحاك بن حمرة عن عمرو بن شعيب عن أبيه عن جده قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره وقال: حديث حسن غريب قلت: بل هو ضعيف الإسناد منكر المتن في نقيي، فإن ابن حمرة بضم الهمزة وفتح الراء ضعيف كما قال الحافظ في "التقرير" ولذلك تعقب الذهبي الترمذى بقوله: وحسنـه فلم يصنع شيئاً

বাংলা

১৩১৫। যে ব্যক্তি সকালে একশতবার আর সন্ধ্যায় একশতবার 'সুবহানাল্লাহ' বলবে (অর্থাৎ আল্লাহর পবিত্রতা বর্ণনা করবে) সে সেই ব্যক্তির ন্যায় হয়ে যাবে (সাওয়াব অর্জন করবে) যে একশতবার (নফল) হাজুৰ করেছে। যে ব্যক্তি সকালে একশতবার আর সন্ধ্যায় একশতবার আল্লাহর প্রশংসা করবে (আলহামদুলিল্লাহ বলবে) সে সেই ব্যক্তির ন্যায় হয়ে যাবে যে আল্লাহর রাস্তায় একশতটি ঘোড়ার উপরে অন্যকে আরোহণ করার (সাদাকা অথবা ধার দেয়ার মাধ্যমে) সুযোগ সৃষ্টি করে দিয়েছে অথবা বলেনঃ একশতটি যুদ্ধে অংশ গ্রহণ করেছে। আর যে ব্যক্তি

সকালে একশতবার আর সন্ধ্যায় একশতবার 'লা-ইলাহা ইল্লাল্লাহ' পাঠ করবে সে সেই ব্যক্তির ন্যায় হয়ে যাবে (সোওয়াব অর্জন করবে) যে ইসমাইল (আঃ)-এর বংশোদ্ধুত একশতজন দাসকে স্বাধীন করে দিয়েছে। আর যে ব্যক্তি সকালে একশতবার আর সন্ধ্যায় একশতবার 'আল্লাহ আকবার' বলবে সেদিন তার চেয়ে কেউ বেশী (ফায়িলাতপূর্ণ) আমল করতে সক্ষম হবে না একমাত্র সেই ব্যক্তি ব্যতীত যে তার মতই (আল্লাহ আকবার) বলবে অথবা সে যতবার বলেছে তার চেয়ে যে বেশী বলবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম তিরমিয়ী (৩৪৭১) আবু সুফইয়ান আল-হিময়ারী (তিনি হচ্ছেন সাঈদ ইবনু ইয়াহইয়া ওয়াসেতী) হতে, তিনি যুহহাক ইবনু হুমরাহ হতে, তিনি আমর ইবনু শুয়াইব হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে, তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

ইমাম তিরমিয়ী বলেনঃ হাদীসটি হাসান গারীব।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদ দুর্বল আর ভাষা মুনকার। কারণ, ইবনু হুমরাহ দুর্বল যেমনটি হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেছেন। এ কারণেই হাফিয যাহাবী ইমাম তিরমিয়ীর সমালোচনা করে বলেছেনঃ তিনি হাদীসটিকে হাসান আখ্য দিয়ে কিছুই করেননি।

হাদিসের মান: যন্ত্রে (Dai'f) পুনঃনিরীক্ষিত

প্রকাশন প্রক্রিয়া: তাওহীদ প্রক্রিয়া

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72194>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন